

স্কুল-কলেজে শনিবারের ছুটি নিয়ে চূড়ান্ত সিদ্ধান্ত

নিজস্ব
প্রতিবেদক

২০ জুন, ২০২৪
১৬:২০

শেয়ার

অ +

অ -



ফাইল ছবি

স্কুল-কলেজে সাপ্তাহিক ছুটি দুই দিনের বদলে একদিন করা হয়েছিল। শিখন পদ্ধতিতে ঘাটতি পূরণে শুক্রবার বন্ধ রেখে শনিবার স্কুল-কলেজ খোলা রাখার সিদ্ধান্ত নিয়েছিল মন্ত্রণালয়। তবে আবারো শুক্র ও শনিবার সাপ্তাহিক ছুটি

হিসেবে স্কুল-কলেজ বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

আজ বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রী মহিবুল হাসান চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত এক সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়।

আরও পড়ুন




শিক্ষাপ্রতিষ্ঠানে গ্রীষ্মকালীন ছুটি কমল

এদিকে একই সভায় শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে থাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের সব ধরনের শিক্ষাপ্রতিষ্ঠানে এবারের গ্রীষ্মের ছুটি কমানো হয়েছে। ঈদুল আজহা ও গ্রীষ্মকালীন ছুটিসহ আগামী ৩ জুলাই শিক্ষাপ্রতিষ্ঠান খোলার কথা ছিল। কিন্তু তা কমিয়ে আগামী ২৬ জুন খুলছে শিক্ষাপ্রতিষ্ঠান। অর্থাৎ ২৫ জুন পর্যন্ত স্কুল-কলেজ ছুটি থাকছে।

এ ছাড়া শনিবারের বন্ধ পুনর্বহাল রাখার কারণে কর্মদিবস কমে যাবে। তাই গ্রীষ্মের ছুটির এক সপ্তাহ কমানোর এই সিদ্ধান্ত নেওয়া হয়।

আরও পড়ুন



ছাগলকাণ্ডে ভাইরাল এই ইফাত আসলে কে?

শিক্ষাপঞ্জি অনুসারে, এবার পবিত্র ঈদুল আজহা ও গ্রীষ্মকালীন ছুটি শুরু হয়েছে ১৩ জুন, যা চলার কথা ২ জুলাই পর্যন্ত।

ছুটি সংক্ষিপ্ত করার পরিকল্পনার কারণ হিসেবে শিক্ষা মন্ত্রণালয়ের যুক্তি হলো, পাঠদানের কর্মদিবস সারা বছরব্যাপী কমেছে।